

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



২৪/০১/১৪২৬বঙ্গাব্দ

তারিখ: ৭/০৫/২০১৯খ্রিস্টাব্দ

স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৫.৩১.২০৫.২০১৮/২৭০৪/৬

বিষয় : সিরাজগঞ্জ জেলার কামারখন্দ উপজেলাধীন হাজী কোরপ আলী মেমোরিয়াল ডিগ্রি কলেজ (জাতীয়করণকৃত) এর জনাব মোঃ ফরিদুল ইসলাম, প্রভাষক (ইসলাম শিক্ষা) এর নিয়োগ ও এমপিওভুক্তি।

সূত্র: জনাব মোঃ ফরিদুল ইসলাম, প্রভাষক (ইসলাম শিক্ষা) এর ১০/১২/২০১৮ খ্রি. তারিখের আবেদন;

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিশ্রেফিতে জানানো যাচ্ছে যে, সিরাজগঞ্জ জেলার কামারখন্দ উপজেলাধীন হাজী কোরপ আলী মেমোরিয়াল ডিগ্রি কলেজের জনাব মোঃ ফরিদুল ইসলাম, প্রভাষক (ইসলাম শিক্ষা) নিয়োগ জটিলতা এবং এমপিওভুক্তির জন্য আবেদন করেন। আবেদনে উল্লেখ করেন, তিনি উচ্চ মাধ্যমিক পর্যায়ে বেসরকারি নিয়োগ নীতিমালার আলোকে ৩১/০১/২০০৫খ্রি. তারিখে নিয়োগপ্রাপ্ত হয়ে ০১/০২/২০০৫খ্রি. তারিখে যোগদান করেন। দায়িত্ব পালনকালীন সময়ে নিয়োগ বিধির ব্যত্যয় ঘটিয়ে অতিরিক্ত আরেক জনকে নিয়োগ দিয়ে জটিলতা সৃষ্টি করে এবং তাঁর এমপিওভুক্তিতে বিঘ্ন সৃষ্টি করে। সে প্রেক্ষিতে বর্ণিত জটিলতার বিষয়টি নিরসন এবং তার নামে এমপিওভুক্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। বর্ণিত বিষয়ে সুস্পষ্ট মতামত প্রদান করার জন্য অধ্যক্ষকে পত্র দেয়া হয়।

অধ্যক্ষের জবাব: অত্র কলেজে ইসলাম শিক্ষা চালু করার নিমিত্তে ৩০/০৮/২০০২খ্রি. তারিখে গভর্নিং বডি'র সভায় ০১ জন শিক্ষক নিয়োগের জন্য বিজ্ঞপ্তি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। বিজ্ঞপ্তি প্রকাশের পর ০৫ জন প্রার্থী আবেদন করেন। ২৫/০৪/২০০৪খ্রি. তারিখে গভর্নিং বডি'র সভায় নিয়োগ নির্বাচনী বোর্ড গঠন করা হয়। এবং ২৮/০১/২০০৫খ্রি. তারিখে নিয়োগ নির্বাচনী বোর্ড সভায় লিখিত ও মৌখিক পরীক্ষার ভিত্তিতে জনাব রেহানা আরজু প্রথম স্থান অধিকার করেন। ১ম স্থান অধিকারীকে নিয়োগ প্রদান করা হয়। জনাব ফরিদুল ইসলাম ৩১/০১/২০০৫খ্রি. তারিখে নিয়োগ পত্র পেয়ে ০১/০২/২০০৫খ্রি. তারিখে যোগদান করেন। ২য় স্থান অধিকারী প্রার্থী জনাব মোঃ ফরিদুল ইসলামকে নিয়োগ প্রদান ও যোগদান সম্পূর্ণভাবে বিধি বহির্ভূত। বিধি বহির্ভূতভাবে নিয়োগ প্রাপ্তির পরও সে কলেজে দীর্ঘদিন উপস্থিত না থাকার কারণে তাকে ১৮/০৩/২০১০, ৩০/০৩/২০১০ এবং ০৯/০৫/২০১০খ্রি. তারিখে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়। কিন্তু কোন রকম উত্তর প্রদান না করায় পরবর্তীতে ২৫/০৬/২০১০খ্রি. তারিখের গভর্নিং বডি'র সভায় সর্বসম্মতিক্রমে বিনা অনুমতিতে কলেজে অনুপস্থিত এবং কারণ দর্শানোর নোটিশের জবাব প্রদান না করায় তাকে চাকুরি হতে অব্যাহতি প্রদান করে ৩০/০৬/২০১০খ্রি. তারিখ পত্র দেয়া হয়।

এমতাবস্থায়, জনাব মোঃ ফরিদুল ইসলাম, প্রভাষক, ইসলামী শিক্ষা ২৭/০২/২০০৬খ্রি. তারিখ হতে বিনা অনুমতিতে কলেজে অনুপস্থিত থাকায় তাঁকে গভর্নিং বডি'র ২৫/০৬/২০১০খ্রি. তারিখের রেজুলেশনে চাকুরি হতে অব্যাহতি প্রদান করায় এমপিওভুক্তির সুযোগ নেই।

বিষয়টি নির্দেশক্রমে অবহিত করা হলো।

 ০৭.০৫.১৯

(ফারহানা আক্তার)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোন নং-৯৫৫৬০৫৭

Email-ncollege@dshe.gov.bd



জনাব মোঃ ফরিদুল ইসলাম
প্রভাষক, ইসলামী শিক্ষা
হাজী কোরপ আলী মেমোরিয়াল ডিগ্রি কলেজ
কামারখন্দ, সিরাজগঞ্জ

অনুলিপি:

- ১। অধ্যক্ষ, হাজী কোরপ আলী মেমোরিয়াল ডিগ্রি কলেজ, কামারখন্দ, সিরাজগঞ্জ
- ২। জেলা শিক্ষা অফিসার, সিরাজগঞ্জ
- ৩। সংরক্ষণ নথি।